



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল

কলেজ কোড: ঢাকা শিক্ষা বোর্ড : ৪৫২৫, EIIN : ১১৪৭৪৩, জাতীয় বিশ্ববিদ্যালয় : ৫৩০৭

e-mail : kgc10.tangail@gmail.com web: www.kgc.ac.bd, Phone: 02997752601



তারিখ: ২৬/১২/২০২৪ খ্রি.

২০২৪-২৫ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির বিষয় ও বিভাগ পরিবর্তন সংক্রান্ত বিজ্ঞপ্তি

কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল এর ২০২৪-২৫ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের বিষয় ও বিভাগ পরিবর্তন আগামী ২৯/১২/২০২৪ খ্রি. থেকে আগামী ০৬/০১/২০২৫ খ্রি. পর্যন্ত চলবে। অর্ধ-বার্ষিক পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে আগামী ০৬/০১/২০২৫ খ্রি. এর পরে কোন বিষয়/বিভাগ পরিবর্তনের আবেদন গ্রহণ করা হবে না। যথা সময়ের মধ্যে বিষয়/বিভাগ পরিবর্তন করতে ইচ্ছুক শিক্ষার্থীদের আবেদন করার জন্য বলা হলো। আগামী ০৯/০১/২০২৫ খ্রি. তাদের বিষয় পরিবর্তন হয়েছে কিনা তা অনলাইনে যাচাই করে নতুন পরিচয়পত্র গ্রহণ করতে হবে। যদি কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন না হয় বা ভুল হয় তাহলে ১০/০১/২০২৫ খ্রি. এর মধ্যেই ১১২ নং কক্ষে (মনিরুজ্জামান, কম্পিউটার অপারেটর) জানাতে হবে। যথা সময়ে তথ্য সংশোধন না করলে অর্ধ-বার্ষিক পরীক্ষায় প্রদর্শিত প্রবেশপত্রে উল্লেখিত বিষয় অনুসারেই পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। যদি কোন শিক্ষার্থী ০৬/০১/২০২৫ খ্রি. এর মধ্যে বিষয়/বিভাগ পরিবর্তন না করে তাহলে তাকে পূর্বের বিষয়েই অর্ধ-বার্ষিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

বিষয়/বিভাগ পরিবর্তন করার সময় পূর্বে পরিচয়পত্র জমা দিতে হবে এবং পরিবর্তিত পরিচয়পত্রের জন্য অতিরিক্ত ফি জমা দিতে হবে। যদি কোন শিক্ষার্থী ব্যবহারিক ছাড়া বিষয় পরিবর্তন করে ব্যবহারিক বিষয় গ্রহণ করে তাহলে তাকে অতিরিক্ত প্রতি বিষয়ে ৪০/- (চল্লিশ) টাকা হারে জমা দিতে হবে।

আবেদন জমা দেয়ার স্থান : ১০৫ নং কক্ষ


অধ্যক্ষ ২৬/১২/২৪
কুমুদিনী সরকারি কলেজ
টাঙ্গাইল

২৬/১২/২৪